দৈনিক ইত্তেফাক

তারিখ 10 OCT 1995
পৃষ্ঠা ৩ কলাম ৩

২১

## শিক্ষকরা যখন শিক্ষা বহির্ভূত কাজে ব্যস্ত

রামগঞ্জ (লক্ষ্মীপুর) সংবাদদাতা ॥ প্রতি মাসে পাঠ পরিকল্পনা অনুযায়ী পাঠদান সমাপ্ত করার কথা থাকিলেও কয়েকটি থানার বিভিন্ন প্রাথমিক বিদ্যালয়ে ক্লাস না হওয়ায় তাহা আদৌ প্রতিপালিত হইতেছে না। শিক্ষক-শিক্ষিকাদের শিশু জরিপ, গণশিক্ষা জরিপ, শিক্ষাপক্ষ পালন, সেনিটেশন ও ডিসেমিনেশন কারি-

( ৪র্থ পৃঃ দ্রঃ )

## শিক্ষকরা যখন

( ৩য় পৃঃ পর )

কুলাম প্রশিক্ষণ, ভোটার তালিকা তৈরী, ইপিআই কর্মসূচী, গম বিতরণ, নির্বাচনে ভোট গ্রহণসহ বিভিন্ন কাজে ব্যস্ততায় শিশুদের মাসিক পাঠদান কর্মসূচী ব্যাহত হইতেছে। এস এস সি পরীক্ষা কেন্দ্রের জন্য থানা সদরের ৫/৭টি টি প্রাইমারী স্কুলের বেঞ্চ নিয়া যাওয়া হয়। ফলে এসব স্কুল বন্ধ থাকে।